

## পটভূমিঃ

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ সরকারের একটি সংবিধিবদ্ধ সংস্থা। দেশের অর্থনৈতিক উন্নয়নে পানি সম্পদ অধিকতর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশের মানুষের বেঁচে থাকার তাগিদে, আর্থ-সামাজিক উন্নয়ন ও প্রাকৃতিক পরিবেশ সংরক্ষনে পানি সম্পদের সুসম ব্যবহার প্রয়োজন। বিভিন্ন পানি ব্যবহারকারীর মধ্যে অংশীদারিত্বমূলক বিরোধের ফলে দেশের দুঃপ্রাপ্য পানি সম্পদের অপচয় রোধকল্পে এবং ম্যাক্রো পর্যায় পানি সম্পদ পরিকল্পনা প্রণয়নে ইহার ব্যাপক সমন্বিত এবং ন্যায় সঙ্গত ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সরকার ১৯৯১ সালে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) নামে এই স্বতন্ত্র সরকারী প্রতিষ্ঠান গঠন করে। ইহা দেশের সামষ্টিক পানি সম্পদ পরিকল্পনা প্রণয়নের জন্য শীর্ষ সরকারী প্রতিষ্ঠান হিসাবে সুনামের সাথে কাজ করে আসছে। ওয়ারপোর গুরুত্বপূর্ণ কার্যপরিধি নিম্নে প্রদান করা হল :

## কার্যপরিধিঃ

১. পানি সম্পদ উন্নয়নকল্পে পরিবেশগতভাবে ভারসাম্যপূর্ণ পানি সম্পদ মহাপরিকল্পনা প্রণয়ন করা;
২. পানি সম্পদ উন্নয়ন, ব্যবহার ও সংরক্ষনে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাকে পরামর্শ প্রদান করা;
৩. পানি সম্পদ ব্যবহার সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও পেশাগত মান উন্নীত করা এবং সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা (আইডব্লিউআরএম), তথ্য প্রযুক্তি (আইটি) ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা এবং এই বিষয়ে সংশ্লিষ্ট সংস্থা সমূহকে সহায়তা প্রদান করা;
৪. পানি সম্পদ ব্যবহার সম্পর্কিত তথ্য সংগ্রহ ও পর্যালোচনা করা এবং উহাদের প্রচারের ব্যবস্থা করার লক্ষ্যে জাতীয় পানি সম্পদ ডাটাবেজ (এনডব্লিউআরডি) ও তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (এমআইএস) স্থাপন ও হালনাগাদ করণ;
৫. পানি সম্পদ বিষয়ক জাতীয় এবং সরকারের পূর্বানুমোদনক্রমে আন্তর্জাতিক সেমিনার, সন্মেলন ও কর্মশালার আয়োজন ও পরিচালনা করা;
৬. জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটি (ইসিএনডব্লিউআরসি) কে প্রশাসনিক, কারিগরী ও আইনগত সহায়তা প্রদান করা;
৭. বিভিন্ন সংস্থা কর্তৃক চিহ্নিত পানি সম্পদ খাতের অন্তর্ভুক্ত জাতীয় প্রকল্প বাস্তবায়নের জন্য “ক্লিয়ারিং হাউজ” হিসাবে দায়িত্ব পালন এবং বিবেচ্য প্রকল্প এনডব্লিউএমপি এর সাথে সংগতিপূর্ণ কিনা এ বিষয়ে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটি এর নিকট প্রতিবেদন পেশ করা;
৮. বাস্তবায়ন পর্যায়ে সমন্বয় সাধন ও পরিবীক্ষণের জন্য ওয়ারপোতে একটি কর্মসূচী সমন্বয় ইউনিট প্রতিষ্ঠা করা;
৯. “অংশগ্রহণমূলক পানি ব্যবস্থাপনা গাইডলাইনস্ (জিপিডব্লিউএমপি)” মাঠ পর্যায়ে প্রয়োগের বিষয়টি কেন্দ্রীয়ভাবে মনিটরিং করা;
১০. “জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (এনডব্লিউএমপি)” এর বাস্তবায়ন কেন্দ্রীয়ভাবে সমন্বয় ও পরিবীক্ষণ করা;
১১. পানি সম্পদের অংশীদারিত্ব, উন্নয়ন, অধিকার, ব্যবহার, সংরক্ষণ ও রক্ষা সংক্রান্ত বিদ্যমান আইন সংশোধন ও একত্রিত করে বাংলাদেশ পানি ব্যবহার আইন প্রণয়ন ও হালনাগাদ করা;

১২. পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনায় আন্তঃসংস্থা দ্বন্দ্ব নিরসন করা এবং জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটিকে (ইসিএনডব্লিউআরসি) তা অবহিত করা;
১৩. প্রোগ্রাম কো-অর্ডিনেশন ইউনিট এর মাধ্যমে সমন্বিত উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা পরিকল্পনা কার্যক্রমের আওতায় উপকূলীয় অঞ্চল নীতি, উপকূলীয় উন্নয়ন কৌশল ও অধাধিকার প্রাপ্ত বিনিয়োগ কর্মসূচী এর বাস্তবায়ন সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা;
১৪. পরিবেশ অধিদপ্তরের সঙ্গে পরামর্শক্রমে ওয়ারপো কর্তৃক সর্বসাধারণের ব্যবহার্য জলাশয়ে নিষ্কাশনযোগ্য বর্জের মান নির্ধারণ;
১৫. পানি সম্পদ সেক্তরে বিভিন্ন দপ্তর থেকে গৃহিত প্রকল্প সমূহের মধ্যে কেন্দ্রীয়ভাবে দ্বৈততা নিরসন ও বিরোধ মিমাংসা করা;

#### সেবা সমূহ :

১. ওয়ারপো জাতীয় পানি সম্পদ ডাটাবেজ (NWRD) তৈরী ও রক্ষনাবেক্ষন করে যাচ্ছে, যা থেকে নন-ক্লাসিফাইড ডাটাসমূহ নিম্ন বর্ণিতভাবে ব্যবহারকারীদেরকে চাহিদা অনুযায়ী সরবরাহ করা হয়ে থাকে :
  - (ক) ওয়ারপোর মহাপরিচালক বরাবরে সঠিক চাহিদাপত্র প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে চাহিদাকৃত ডাটার প্রাক্কলন সরবরাহ করা হয়।
  - (খ) প্রাক্কলন অনুসারে পে অর্ডারের মাধ্যমে টাকা পরিশোধ করার ৩ (তিন) দিনের মধ্যে নীতিমালা অনুযায়ী ডাটা সরবরাহ করা হয়।
২. ওয়ারপোর ওয়েব সাইট থেকে নিম্ন বর্ণিত ডকুমেন্ট সমূহ সরাসরি ব্রাউজ ও ডাউনলোড করা যায় :
  - (ক) Background, major achievements and mandates of WARPO, its on going & core activities, contact address and key persons name ইত্যাদি।
  - (খ) National Water Management Plan (NWMP) volume 1 & 2; National Water Resources Database (NWRD); National Water Policy (NWPo); EIA guidelines; Coastal Zone Policy (CZPo); Coastal Development Strategy (CDS) etc.
৩. ওয়ারপো লাইব্রেরীতে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে পানি সম্পদ সংক্রান্ত যাবতীয় তথ্যাবলীর একটি উন্নত আধুনিক কম্পিউটারাইজড তথ্য ভান্ডার রয়েছে। যা ছাত্র, শিক্ষক, গবেষক সহ যে কোন দেশী-বিদেশী ব্যবহারকারী অফিস চলাকালীন সময়ে লাইব্রেরীর নিয়ম-কানুন মেনে ব্যবহার করতে পারেন।
৪. ওয়ারপোর ক্লিয়ারিং হাউজে গৃহীত পানি সম্পদ খাতের প্রকল্প দলিল সমূহ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে মূল্যায়ন ছাড়পত্র/মূল্যায়ন প্রতিবেদন প্রদান করা হয়।